



বাংলাদেশীদের জন্য ভিসা স্থগিত করল যুক্তরাষ্ট্র



সংগৃহীত ছবি

বাংলাদেশের নাগরিকদের ক্ষেত্রে অভিবাসী ভিসা ইস্যু সাময়িকভাবে বন্ধ করার সিদ্ধান্ত নিয়েছে যুক্তরাষ্ট্র। বাংলাদেশীদের মধ্যে সরকারি কল্যাণমূলক সুবিধা ব্যবহারের হার তুলনামূলক বেশি—এমন পর্যবেক্ষণের ভিত্তিতেই এ পদক্ষেপ নেওয়া হয়েছে।

সোমবার (২৩ মার্চ) ঢাকার মার্কিন দূতাবাস এক আনুষ্ঠানিক বার্তায় বিষয়টি নিশ্চিত করে।

বার্তায় বলা হয়, মার্কিন করদাতাদের স্বার্থ সুরক্ষা করা সরকারের অন্যতম দায়িত্ব। সে কারণে অভিবাসীরা যেন অনিয়মভাবে সরকারি সহায়তা গ্রহণ না করেন এবং রাষ্ট্রের ওপর অতিরিক্ত আর্থিক চাপ তৈরি না হয়, তা নিশ্চিত করতেই এই সিদ্ধান্ত। যেসব দেশের নাগরিকদের মধ্যে কল্যাণ সুবিধা ব্যবহারের হার বেশি, বাংলাদেশসহ সেই দেশগুলোর জন্য অভিবাসী ভিসা কার্যক্রম স্থগিত করেছে মার্কিন স্টেট ডিপার্টমেন্ট।

এ স্থগিতাদেশের ফলে আবেদন যাচাই-বাছাই নীতি ও প্রক্রিয়াগুলো পূর্ণাঙ্গভাবে পুনর্মূল্যায়নের সুযোগ মিলবে। সংশ্লিষ্ট কর্তৃপক্ষের মতে, এতে মার্কিন নাগরিকদের স্বার্থকে অগ্রাধিকার দিয়ে ভিসা প্রক্রিয়া আরও কার্যকর করা সম্ভব হবে।

এই সিদ্ধান্ত শুধু অভিবাসী ভিসায় সীমাবদ্ধ নয়; পর্যটক ও শিক্ষার্থী ভিসাও একই স্থগিতাদেশের আওতায় থাকবে।